



শিক্ষার উন্নয়নে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে সরকার: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন। ছবি: সংগৃহীত

শিক্ষার অগ্রগতিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে সরকার বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন। তিনি বলেন, শিক্ষাক্ষেত্রে পিছিয়ে থাকার কারণে বাংলাদেশ বিশ্ব প্রতিযোগিতায় কাজিফত অবস্থানে পৌঁছাতে পারছে না।

বুধবার (১০ জুন) মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-এর 'গ্রাজুয়েশন নাইট ২০২৬' অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী আরও বলেন, শিক্ষা মন্ত্রণালয়ে কোনো ধরনের আমলাতান্ত্রিক জটিলতা রাখা হচ্ছে না। সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার শিক্ষা উন্নয়নমূলক উদ্যোগের ধারাবাহিকতায় বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানও শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছেন।

তিনি জানান, একটি বৈষম্যহীন ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্য নিয়ে সরকার কাজ করছে এবং সেই প্রক্রিয়ায় সবাইকে সঙ্গে নেওয়া হচ্ছে।

এ সময় শিক্ষামন্ত্রী জুলাই বিপ্লবের শহীদদের আত্মত্যাগ স্মরণ করে বলেন, তাদের ত্যাগের মাধ্যমে পাওয়া সুযোগকে কাজে লাগিয়ে একটি নতুন বাংলাদেশ গড়ে তুলতে হবে।